# চীনের জে-১০সিই যুদ্ধবিমান কিনতে চুক্তির খসড়া প্রস্তুত: জাহেদ উর রহমান



সংগৃহীত ছবি

চীনের তৈরি জে-১০সিই যুদ্ধবিমান কেনার প্রক্রিয়ায় বাংলাদেশ সরকার বেশ কিছুটা এগিয়েছে। এ যুদ্ধবিমান কেনার জন্য খসড়া চুক্তিপত্র প্রস্তুত করা হয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টা জাহেদ উর রহমান।

মঙ্গলবার (২৫ আগস্ট) সচিবালয়ে সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের এ তথ্য জানান তিনি।

জে-১০সিই কেনার প্রসঙ্গে জাহেদ উর রহমান বলেন, সাম্প্রতিক সময়ে যুদ্ধক্ষেত্রে এই যুদ্ধবিমানের সক্ষমতা যাচাইয়ের সুযোগ তৈরি হয়েছে। ভারত-পাকিস্তান সংঘাতের সময় ভারতের রাফাল যুদ্ধবিমান চীনের তৈরি জে-১০ দিয়ে ভূপাতিত করার বিষয়টি এখন প্রতিষ্ঠিত। রাফালকে ৪.৫ প্রজন্মের অন্যতম আধুনিক যুদ্ধবিমান হিসেবে ধরা হয়। সেই রাফালের বিপক্ষে যুদ্ধ পরিস্থিতিতে জে-১০ ভালো পারফরম্যান্স দেখিয়েছে।

তিনি বলেন, বাংলাদেশ এ কারণে চীনের জে-১০সিই যুদ্ধবিমান কেনার বিষয়ে গুরুত্ব দিচ্ছে। এ বিষয়ে কাজও বেশ ভালোভাবে এগিয়ে চলছে বলে জানান তিনি।

যুদ্ধবিমানের মূল্য প্রসঙ্গে জাহেদ উর রহমান বলেন, একই ধরনের মান ও সক্ষমতার রাফাল কিংবা ইউরোফাইটার টাইফুনের মতো ইউরোপীয় যুদ্ধবিমানের তুলনায় চীনের তৈরি যুদ্ধবিমানগুলোর দাম অনেক কম।

LENS ASIA